170

দৈনিক সংবাদ

তারিখ ... JUL 16 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিকট সবিনয়ে জিজ্ঞাসা....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দেশের প্রাথমিক বিদ্যালয়ের ছুটির তালিকাসহ 'বর্ষপঞ্জি ১৯৯৯ প্রকাশ করে এবং তা সব প্রাথমিক বিদ্যালয়ে থানা শিক্ষা অফিসের মাধ্যমে প্রেরণের ব্যবস্থা নেয়া হয়। উদ্যোগটি প্রশংসনীয়। তবে উক্ত ছুটির তালিকাতে বিদ্যালয়ের সময়সূচি, পরীক্ষার সময়সূচি এবং বাংলাদেশের স্বাক্ষরতার হারও লেখা রয়েছে। এখন আমার প্রশ্ন/জিজ্ঞাসা- 'স্বাক্ষরতার হার' হবে নাকি 'সাক্ষরতার হার' হবে। কারণ স্বাক্ষর-এর ইংরেজি Signature, যার সন্ধি স্ব + অক্ষর = স্বাক্ষর। এখানে 'স্ব' অর্থ নিজের। স্বাক্ষর মানে 'নিজের অক্ষর বা দস্তখত।' অপরদিকে সাক্ষর-এর ইংরেজি Literacy, যার অর্থ অক্ষরের সঙ্গে, বর্তমান সহজ ভাষায় 'অক্ষর জ্ঞান সম্পন্ন।'

সুতরাং স্বাক্ষর জ্ঞান আর সাক্ষর জ্ঞান এককথা নয়। কারণ কোন ব্যক্তির স্বাক্ষর জ্ঞান থাকা মানে সে শুধু তার নাম কোন রকম লিখতে শিখেছে এর বেশি কিছু নাও হতে পারে। অর্থাৎ কিভাবে তার নাম লেখা যায় বা সে তার নাম লিখতে যে যে অক্ষরের প্রয়োজন শুধু সেই অক্ষরগুলো ছবির মত এঁকে হয়তো স্বাক্ষর করা শিখেছে; কিন্তু একজন ব্যক্তির যখন সাক্ষর জ্ঞান থাকবে তখন সে ন্যূনতম সাধারণ একটি চিঠি পড়ে বুঝতে পারবে, সাধারণ চিঠি লিখতে পারবে, সহজ যোগ-বিয়োগ, গুণ-ভাগের অংক করতে পারবে।

এককথায়- সাক্ষর জ্ঞান সম্পন্ন হতে হলে নিজ মাতৃভাষার সব অক্ষরের সাথে ন্যূনতম পরিচয় থাকতে হবে। একমাত্র সাক্ষর জ্ঞানসম্পন্ন ব্যক্তিকে নিরক্ষর বলা যাবে না; কিন্তু স্বাক্ষর জ্ঞান আছে অথচ সাক্ষর জ্ঞানের পূর্ণ অভাব এ রকম ব্যক্তিকে নিরক্ষর বলা যাবে। সুতরাং আমরা অবশ্যই বলতে পারি স্বাক্ষর আর সাক্ষর কখনো এককথা নয়।

আমার সবিনয়ে জিজ্ঞাসা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিকট আপনাদের দপ্তর থেকে প্রকাশিত প্রাথমিক বিদ্যালয়গুলোর জন্য ছুটির তালিকাতে (নিচের অংশে) লেখা রয়েছে 'স্বাক্ষরতার হার' তা কি সঠিক?

মোঃ ফারুক হুসেন তালুকদার
মোহনগঞ্জ বাজার
মোহনগঞ্জ, নেত্রকোনা।